অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/7/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 8-10 আগস্ট ট্রপিক্যাল ঝড় ডেবির দ্বারা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের জন্য ফেডারেল সহায়তা নিশ্চিত করতে মুখ্য দুর্যোগ ঘোষণার জন্য অনুরোধ করলেন

অনুমোদিত হলে, ঘোষণাটি অ্যালেগানি, ব্রুম, ডেলাওয়্যার, এসেক্স, ফ্র্যাঙ্কলিন, জেফার্সন, অন্টারিও, স্টুবেন, সেইন্ট লরেন্স এবং ইয়েটস কাউন্টির জন্য ফেডারেল সহায়তা প্রদান করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে 8 – 10 আগস্ট, 2024 এ সংঘটিত হওয়া ট্রপিক্যাল ঝড় ডেবির অবশিষ্টাংশ দ্বারা সৃষ্ট তীব্র আবহাওয়া দ্বারা আক্রান্ত সম্প্রদায়সমূহের চলমান পুনরুদ্ধার প্রয়াসকে সমর্থন করার জন্য রাষ্ট্রপতি বাইডেনের কাছে একটি মুখ্য দুর্যোগ ঘোষণার (Major Disaster Declaration) জন্য অনুরোধ করেছেন। ফেডারেল সরকার কর্তৃক অনুমোদিত হলে এই ঘোষণাটি অ্যালেগানি, ব্রুম, ডেলাওয়্যার, এসেক্স, ফ্র্যাঙ্কলিন, জেফার্সন, অন্টারিও, স্টুবেন, সেইন্ট লরেন্স এবং ইয়েটস কাউন্টির জন্য রাবিশ অপসারণ, জরুরি সুরক্ষামূলক ব্যবস্থা এবং সরকারি ভবন ও অবকাঠামো মেরামত করতে ফেডারেল সহায়তা প্রদান করবে।

"ট্রপিক্যাল ঝড় ডেবি পুরো নিউ ইয়র্ক স্টেটে ব্যাপক বিস্তৃত ক্ষয়ক্ষতি করেছে তাই আমি সম্প্রদায়সমূহের প্রয়োজনে সাহায্য করার জন্য আমাদের ফেডারেল অংশীদারদের কাছে একটি জরুরি ঘোষণার জন্য অনুরোধ করছি," **গভর্নর হোকল বলেন।** "ঝড়ে ক্ষতিগ্রস্ত এলাকাসমূহকে আমাদের অবশ্যই ত্রাণ প্রদান করতে হবে, এবং তাদের দ্রুত এবং সম্পূর্ণ পুনরুদ্ধার নিশ্চিত করতে সকল প্রয়োজনীয় ব্যবস্থা আমার প্রশাসন গ্রহণ করবে।"

একটি মুখ্য দুর্যোগ ঘোষণা ফেডারেল সরকারের থেকে, মূলত ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) সরকারি সহায়তা কর্মসূচির (Public Assistance Program) মাধ্যমে স্থানীয় সরকারসমূহ এবং উপযুক্ত অলাভজনক সংগঠনের জন্য রাবিশ অপসারণ, সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ, এবং রাস্তা,ব্রিজ, পানি ও বর্জ্যপানি পরিশোধনাগার, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সাইট, স্কুল, পার্ক, এবং অন্যান্য ফ্যাসিলিটির মতো সরকারি ভবন ও অবকাঠামো মেরামতের জন্য আর্থিক সহায়তা নিশ্চিত করে।

একটি দুর্যোগের পর, দুর্যোগের ফলে সৃষ্ট ক্ষয়ক্ষতি ও সংশ্লিষ্ট ব্যয় যাচাই করার জন্য স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) দুর্যোগ পুনরুদ্ধার কর্মসূচি অফিস (Office of Disaster Recovery Programs) সরাসরি ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির অনুরূপদের এবং স্থানীয়

সরকারসমূহের সাথে কাজ করে। এইসব যাচাইয়ের কাজ শেষ হওয়ার পর FEMA নির্ণয় করে যে স্টেট এবং ক্ষতিগ্রস্ত কাউন্টিসমূহ একটি মুখ্য দুর্যোগ ঘোষণা পাওয়ার জন্য আবশ্যিক ফেডারেল ক্ষয়ক্ষতির সীমাতে পৌঁছেছে কিনা।

ট্রপিক্যাল ঝড় ডেবির অবশিষ্টাংশ তীব্র বৃষ্টিপাতের সৃষ্টি করেছিস যার ফলে মুখ্য বন্যা হয়েছে, বিশেষ করে সাউদার্ন টিয়ার, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে। জাতীয় আবহাওয়া পরিষেবা (National Weather Service) স্টুবেন কাউন্টিতে 12 ঘণ্টার কম সময়ে 5.38 ইঞ্চি বৃষ্টিপাত দেখেছে এবং একাধিক কাউন্টিজুড়ে ঘণ্টায় 2-2.5 ইঞ্চি হারে ব্যাপক বিস্তৃত বৃষ্টিপাত দেখেছে। পাশাপাশি, জাতীয় আবহাওয়া পরিষেবা মোট 17টি নিউ ইয়র্ক কাউন্টিতে বন্যা সতর্কতা জারি করে, এবং 26টি কাউন্টিতে একটি টর্নেডো সতর্কতা জারি করে।ইভেন্টটির সময়, 20টি আকস্মিক বন্যার সতর্কতা জারি করা হয়, যার মধ্যে দুইটি আকস্মিক বন্যা জরুরি অবস্থা ছিলো যা জীবনের নিরাপত্তায় আসন্ন ঝুঁকির ইঙ্গিত করে।

ভারী বৃষ্টিপাত এবং বন্যা পরিবহন ব্যবস্থা, অতি গুরুত্বপূর্ণ সরকারি অবকাঠামো এবং বেসরকারি সম্পত্তিকে উল্লেখযোগ্যভাবে ক্ষতিগ্রস্ত বা ধ্বংস করেছে।ব্যক্তিদের তাদের বাসা থেকে সরিয়ে নেওয়া হয় এবং আমেরিকান রেড ক্রস (American Red Cross) ও স্থানীয় সরকার আশ্রয়কেন্দ্র স্থাপন করে। আক্রান্ত এলাকাসমূহ জুড়ে স্থানীয় রাস্তা ও ব্রিজ সম্পূর্ণভাবে ডুবে বা পানিতে ভেসে গিয়েছে, যা মেরামত করতে বহু সপ্তাহ বা মাস লাগবে। কিছু কিছু এলাকার রাস্তার ক্ষয়ক্ষতি এটি তীব্র যে প্রাথমিক মূল্যায়ন বিলম্বিত হয়েছে। সরলরেখার বাতাস এবং মাইক্রোবার্স্ট পরিণত গাছকে উপড়ে ফেলে এবং আক্রান্ত কাউন্টিগুলি জুড়ে ক্ষয়ক্ষতির সৃষ্টি করেছে। উপড়ে পড়া গাছ এবং রাবিশ বা কাঠামোগত ক্ষতি ও সম্পূর্ণ ভেসে যাওয়ার কারণে বহু রাস্তাকে যাতায়াতের অযোগ্য গণ্য করা হয়েছে। ভারী বৃষ্টিপাতের কারণে শোল্ডার ভেসে গেছে, যার ফলে কালভার্ট ভরে গিয়ে রাস্তায় এবং আশেপাশের এলাকায় ব্যাপক বিস্তৃত বন্যার সৃষ্টি করেছে। দমকা বাতাস গাছ উপড়ে ফেলেছে এবং বিদ্যুতের লাইনের ক্ষতি করেছে যার ফলে ব্যাপক বিস্তৃত বিদ্যুৎ বিভ্রাট দেখা গেছে।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "সম্প্রদায়সমূহে তাদের প্রাপ্য ফেডারেল তহবিল পাওয়ার সুযোগ প্রদান করা গভর্নর হোকলের জন্য একটি শীর্ষ অগ্রাধিকার। ঝড়ের পর অবিলম্বে সাড়াদান করতে আমাদের স্থানীয় সরকারের অংশীদারদের সাহায্য করতে স্টেট এজেন্সিগুলি উপস্থিত ছিলো, এবং ট্রপিক্যাল ঝড় ডেবির অবশিষ্টাংশের সংশ্লিষ্ট বৃষ্টিপাত দ্বারা ক্ষতিগ্রস্ত মানুষের এখন অতি প্রয়োজনীয় মেরামত ও প্রশমন কাজের জন্য ফেডারেল সহায়তা প্রয়োজন।"

জরুরি সাড়াদান সম্পদ নিয়ে তৈরি থাকার এবং আবহাওয়ার প্রভাব পর্যবেক্ষণ করতে এবং সহায়তার অনুরোধে সাড়াদান করতে স্থানীয় সরকারসমূহের সাথে বাস্তব সময়ের যোগাযোগ রাখার জন্য গভর্নর হোকল ঝড়ের পূর্বেই স্টেট এজেন্সিসমূহকে নির্দেশ প্রদান করেছেন। ঝড়ের পর গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেন যে অ্যালেগানি, ডেলাওয়্যার, ফ্র্যাঙ্কলিন, স্টুবেন, এবং সেইন্ট লরেন্স কাউন্টির যোগ্য বাড়ির মালিকদের জন্য বীমার বা অন্য কোনো দুর্যোগ ত্রাণ কর্মসূচির আওতাধীন নয় এমন স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত মেরামত করার জন্য সর্বোচ্চ 50,000 মার্কিন ডলার অনুদান উপলভ্য থাকবে

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
দ্য স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য, DHSES এর ফেসবুক পেজ ভিজিট করুন, @NYSDHSES কে টুইটারে এবং ইনস্টাগ্রামে ফলো করুন, বা dhses.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন